সংবাদ

তারিখ: 22 OCT 2017
পৃষ্ঠা: ৪ কলাম: ৪

# 'ঢাবির প্রশ্নপত্র ফাঁস অসত্য ও বাস্তবসম্মত নয়'

প্রতিনিধি, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার 'প্রশ্নপত্র ফাঁস' শিরোনামে গণমাধ্যমে প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন ও সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাদেকা হালিম স্বাক্ষরিত এক বিবৃতির মাধ্যমে এ প্রতিবাদ জানানো হয়। বিবৃতিতে পরীক্ষা অনুষ্ঠানের আগের রাতেই প্রশ্নপত্র বা এর একাংশ ফাঁস হওয়ার যে সংবাদ প্রকাশিত হয়েছে তা অসত্য ও বাস্তবসম্মত নয় উল্লেখ করা হয়েছে।

গণমাধ্যমে পাঠানো এ বিবৃতিতে বলা হয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার 'প্রশ্নপত্র ফাঁস' শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি বিশ্ববিদ্যালয় প্রশাসনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। যে প্রক্রিয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশ্ন প্রণয়ন ও মুদ্রণ হয় তা এতোটাই গোপনীয়তার মধ্যে করা হয় যে, তাতে 'প্রশ্নপত্র ফাঁস'-এর কোন সুযোগ নেই বলে বিবৃতিতে জানানো হয়।

বিবৃতিতে আরও বলা হয়, কোন কোন গণমাধ্যমের দাবি অনুযায়ী আগের রাতে তাদের কাছে ফাঁস হওয়া প্রশ্নপত্র পৌঁছে। তবে 'ঘ' ইউনিটের পরীক্ষা শেষ হওয়া পর্যন্ত তারা এ ব্যাপারে প্রশাসনকে কিছুই অবহিত করেননি। অন্যদিকে পরীক্ষা শেষ হবার কয়েক ঘণ্টা পর তারা তা সংবাদ আকারে প্রকাশ করেছেন। এভাবে সংবাদ প্রকাশ করায় বিশ্ববিদ্যালয় প্রশাসন বিস্মিত ও উদ্বিগ্ন। আর তাই প্রশাসন প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানাচ্ছে।

এছাড়া, 'ঘ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগের রাতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় একটি সংঘবদ্ধ প্রতারক চক্রকে শনাক্ত করে আইনের আওতায় আনা হয়েছে। এর ধারাবাহিকতায় পরীক্ষা চলাকালীন বিভিন্ন কেন্দ্র থেকে আরও ১৩ জন পরীক্ষার্থীসহ মোট ১৫ জনকে বিভিন্ন ডিভাইসসহ আটক করা সম্ভব হয়। আর তাই গণমাধ্যমের কাছে রাতে বা পরীক্ষা চলাকালীন 'প্রশ্নপত্র ফাঁস' সংক্রান্ত কোন তথ্য থাকলে তা প্রশাসনের কাছে হস্তান্তর করা বাঞ্ছনীয় ছিল।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে